# স্যানিটাইজার তৈরি করল ইকফাই

আগরতলা, ২২ মার্চ ঃ ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লুএইচও) দ্বারা নির্ধারিত নিয়ম এবং মান অনুযায়ী নিজস্ব হ্যাণ্ডস্যানিটাইজার প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করেছে। সাম্প্রতিক করোনা ভাইরাস সংক্রমণের পরিস্থিতি বিবেচনা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা জনগণকে কিছু প্রতিরোধমূলক ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছে। তারই অঙ্গ হিসাবে ইকফাইয়ের এ উদ্যোগ। উদ্ভূত এ পরিস্থিতি মোকাবিলায় বিশ্ববিদ্যালয়ের এ অগ্রণী ভূমিকা জীবাণু ব্যাকটেরিয়া, ছত্রাক এবং ভাইরাসের সংক্রমণ বন্ধ করতে সহায়তা করবে। উক্ত বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের উদ্যোগে প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে কিছু পরিমাণ উৎপাদনের পর গত শুক্রবার পাঁচ লিটার হ্যাণ্ড স্যানিটাইজার তৈরি করে ক্যাম্পাসে উপস্থিত সকলকে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। আরও দশ লিটার হ্যাণ্ড স্যানিটাইজার তৈরি করে পর্যায়ক্রমে আশপাশের লোকজনকে বিনামূল্যে বিতরণ করার পরিকল্পনা চলছে যাতে আশপাশের লোকজন উপকৃত হয়। বিশ্ববিদ্যালয় দাবি করেছে, এ স্যানিটাইজারটি নিরাপদ এবং উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় তা বিশ্ববিদ্যালয়ের সকলশ্রেণীর লোক ও সমাজের অবশ্যই কল্যাণ সাধন করবে।

Dainik Sambad Dt. 23/03/2020
816 Cm

# ইকফাই ত্রিপুরা তৈরি করলো নিজস্ব হ্যান্ড স্যানিটাইজার

আজকের ফরিয়াদ, কামালঘাট প্রতিনিধি, ২১ মার্চ ঃ ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডাব্লু এইচ ও) দ্বারা নির্ধারিত নিয়ম এবং মান অনুযায়ী নিজস্ব হ্যান্ড স্যানিটাইজার প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করেছে। সাম্প্রতিক করোনা ভাইরাস সংক্রমণের পরিস্থিতি বিবেচনা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা জনগণকে কিছু প্রতিরোধকমূলক ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছে। তারই অঙ্গ হিসাবে ইকফাই এর এই উদ্যোগ। উদ্ভূত এই পরিস্থিতি মোকাবেলায় বিশ্ববিদ্যালয়ের এই অগ্রণী ভূমিকা জীবাণু, ব্যাকটিরিয়া, ছত্রাক এবং ভাইরাসের সংক্রমণ বন্ধ করতে সহায়তা করবে। উক্ত বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের উদ্যোগে প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলক ভাবে কিছু পরিমান উৎপাদনের পর গত শুক্রবার পাঁচ লিটার হ্যান্ড স্যানিটাইজার তৈরী করে ক্যাম্পাসে উপস্থিত সকলকে বিনা মূল্যে বিতরণ করা হয়েছে। আরও দশ লিটার হ্যান্ড স্যানিটাইজার তৈরী করে পর্যায়ক্রমে আশেপাশের লোকজনকে বিনা মূল্যে বিতরণ করার পরিকল্পনা চলছে যাতে করে আশেপাশের লোকজন উপকৃত হয়। এই উদ্যোগ নিতান্তভাবে সামাজিক সুস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি বজায় রাখতে সহায়তা করবে। কোন জিনিষে স্পর্শ করার পর এবং খাবার আগে এই স্যানিটাইজার দিয়ে ভালোভাবে হাত পরিষ্কার

—দুইয়ের পৃষ্ঠায়

## নিজস্ব হ্যান্ড স্যানিটাইজার

—আটের পৃষ্ঠার পর

করে নিলে জীবাণু সংক্রমণ প্রতিহত করা যাবে। এর জন্য ব্যবহারকারীদের হাতের সমস্ত অংশ ভালোভাবে স্যানিটাইজারটি লাগাতে হবে। কর্মস্থল বা পাবলিক প্লেস থেকে ফেরার পর অবশ্যই স্যানিটাইজার ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, চোখ, নাক, মুখ এবং কানে ঘন ঘন স্পর্শে কারণে করোনার ভাইরাস সংক্রমণ ঘটতে পারে। সুতরাং, হাতে স্যানিটাইজার ব্যবহার না করলে বা সাবান দিয়ে সঠিকভাবে হাত না ধুয়ে চোখ, নাক, মুখ এবং কানে স্পর্শ করলে জীবাণু সংক্রমিত হওয়ার সম্ভাবনা থাকে। এই স্যানিটাইজারটি জীবাণু সংক্রমণ প্রতিহত করতে সাহায্য করবে এবং ব্যবহারকারীদের আরও ভাল স্বাস্থ্যবিধি বজায় রাখতে সহায়তা করে। এই স্যানিটাইজারের প্রধান উপাদান হল ইথাইল অ্যালকোহল, যা জ্বলনযোগ্য। এতে হাইড্রোজেন পারক্সাইড, গ্লিসারল এবং পাতিত জল রয়েছে। কোনও ধরণের অ্যালার্জির পার্শ্ব প্রতিক্রিয়া এড়াতে এতে কোনও ধরণের রঙ, সুগন্ধি বা অন্য রাসায়নিক ইত্যাদি যুক্ত করা হয়নি। বিশ্ববিদ্যালয় দাবি করেছে যে, এই স্যানিটাইজারটি নিরাপদ এবং উদ্ভূত পরিস্থিতির মোকাবেলায় তা বিশ্ববিদ্যালয়ের সকলশ্রেণীর লোক ও সমাজের অবশ্যই কল্যাণ সাধণ করবে।

Aajker Pareyad Dt. 22/03/2020 14x10 cm

# ICFAI makes hand Sanitizer

**Times News**

**Agartala, Mar 20:** ICFAI University Tripura has taken initiative to prepare their own hand sanitizer as per the norms and standard prescribed by World Health Organization (WHO) and its recommendations.

Considering the situation prevailing in connection with the recent outbreak of Coronavirus, COVID-19 in the world, the WHO has prescribed some preventive and precautionary measures to be adopted by the people. This initiative of the University is to combat with the prevailing situation which will help to stop spreading of germs, bacteria, fungus and viruses.

In the laboratory facility of the Department of Chemistry of ICFAI University Tripura, after preliminary testing for small scale preparation, ICFAI University Tripura has already prepared five liters of hand sanitizer since Friday evening and distributed inside the campus for use. Around 10 liters of hand sanitizers have been planned to be produced and distributed in batches according to the need in the locality to help the society to thrive together.

This act will promote good health and hygiene in the society. Users are advised to apply an adequate amount of it (a palmful of sanitizer should be adequate, but use more if necessary) on their hands before eating or after handling of public used objects. It is also advised to use it after returning from work or public places.

The users should rub the liquid all over the surface of their hands until it dries off. According to WHO, hands account for transforming corona virus infections due to frequent touching of eyes, nose mouth and ears. So, one should avoid hand contact with the eyes, nose mouth and ears without using hand sanitizer or washing hands properly with soap.

This sanitizer is aimed to prevent such types of infections and provide better hygiene to the users.

The main ingredient of this sanitizer is Ethanol. It also contains hydrogen peroxide, glycerol, and distilled water. No color, perfume or dyes are added to avoid any types of allergic reactions. The University claimed that this sanitizer is aimed to support the community and the society at this time when it is critical to adopt safe and hygiene practices.

Tripura Times Dt. 22/03/2020 9x16 cm

# ICFAI University, Tripura makes own hand sanitizer

**By Our Reporter**

**Agartala: Mar 21.** ICFAI University, Tripura has taken initiative to prepare their own hand sanitizer as per the norms and standard prescribed by World Health Organization (WHO) and its recommendations. Considering the situation prevailing in connection with the recent outbreak of Coronavirus, COVID-19 in the world, the WHO has prescribed some preventive & precautionary measures to be adopted by the people. This initiative of the University is to combat with the prevailing situation which will help to stop spreading of germs, bacteria, fungus and viruses.

In the laboratory facility of the Department of Chemistry of ICFAI University Tripura, after preliminary testing for small scale preparation, ICFAI University Tripura has already prepared five liters of hand sanitizer since Friday evening and distributed inside the campus for use. Around 10 liters of hand sanitizers have been planned to be produced and distributed in batches according to the need in the locality to help the society to thrive together.

OBSERVER Dt. 22-03-2020 9x9cm